যুগান্তর

তারিখ 16 JUL 2012
পৃষ্ঠা ১৭ ... কলাম ... ২

# ভিসি-প্রোভিসি-রেজিস্ট্রার ও কম্পোট্রোলার ছাড়াই চলছে ডুয়েট

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে অবস্থিত ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চলছে ভিসি, প্রো-ভিসি, রেজিস্ট্রার ও কম্পোট্রোলার ছাড়াই। ২০০৩ সালে ডুয়েট প্রতিষ্ঠার পর থেকেই নেই প্রো-ভিসি ও কম্পোট্রোলার। এক বছর ধরে নেই রেজিস্ট্রার আর ২৮ জুন থেকে ভিসি পদটিও শূন্য রয়েছে। দুই মাস ধরে ডুয়েটের ক্যাম্পাস সম্প্রসারণের দাবিতে প্রায় আড়াই হাজার শিক্ষার্থী ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখে চালিয়ে যাচ্ছে আন্দোলন। এসব দাবির সঙ্গে সম্প্রতি যোগ হয়েছে ডুয়েটের নিজস্ব শিক্ষকদের মধ্য থেকে দ্রুত ভিসি নিয়োগের দাবি। এ প্রেক্ষিতে ডুয়েট কার্যত অচল হয়ে পড়েছে। রোববার সকালে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষক সমিতির উদ্যোগে ডুয়েট ক্যাম্পাসে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন ডুয়েট শিক্ষক সমিতির নেতারা।

সংবাদ সম্মেলনে শিক্ষক নেতারা জানান, দেশের ৪৯টি সরকারি ও প্রায় ৪০০টি বেসরকারি পলিটেকনিকের প্রতিনিধিত্বকারী উচ্চ শিক্ষার একমাত্র সরকারি প্রতিষ্ঠান ডুয়েট। নানাবিধ সমস্যার আবর্তে বর্তমানে বিশ্ববিদ্যালয়টি কার্যত অচল হয়ে পড়েছে। ডুয়েট নামকরণ হলেও ঔপনিবেশিক শাসনের জাঁতাকল থেকে এটি বের হতে পারেনি। আগে শিক্ষকদের দাবি উপেক্ষা করে বুয়েটের শিক্ষক ড. মোহাম্মদ সরদার আলীকে ভিসি হিসেবে নিয়োগ দেয় সরকার। তার মেয়াদ ২৮ জুন শেষ হলেও নতুন ভিসি নিয়োগ দেয়া হচ্ছে না। ফলে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে বলে জানান ডুয়েটের শিক্ষকরা। সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির নেতারা বলেন, এবার ডুয়েটের নিজস্ব শিক্ষকদের মধ্য থেকে ভিসি নিয়োগ না দেয়া হলে তারা অন্য কোন ভিসিকে স্বাগত জানাবেন না। তারা বলেন, ডুয়েটে ছাত্রদের মাঝে জনপ্রিয় জ্যেষ্ঠ প্রকৌশল শিক্ষাবিদ, দেশ-বিদেশের খ্যাতনামা প্রকৌশল প্রতিষ্ঠানের উচ্চতর ডিগ্রিধারী একাধিক শিক্ষক রয়েছেন, যারা ভিসি হওয়ার জন্য উপযুক্ত। কিন্তু ডুয়েটের নিজস্ব শিক্ষকদের পরিবর্তে অন্য প্রতিষ্ঠান থেকে ভিসি নিয়োগ দিলে তারা তা মেনে নেবেন না বলেও জানান। আর এটি করা হলে বর্তমানে বুয়েটে বয়ে যাওয়া ঢেউ ডুয়েটে লাগতে পারে বলে হুঁশিয়ারি প্রদান করেন। শিক্ষক নেতারা অবিলম্বে ডুয়েটের ক্যাম্পাস সম্প্রসারণের জন্য জমি অধিগ্রহণ এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব শিক্ষকদের মধ্য থেকে ভিসি নিয়োগের জন্য দাবি জানান। তারা জানান, ডুয়েটের বর্তমান সিনিয়র যোগ্য শিক্ষকদের মধ্য থেকে ভিসি মনোনয়নের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে ইতোমধ্যে শিক্ষক সমিতি দাবি জানিয়েছে।